

## সুন্দরগঞ্জে জরাজীর্ণ ভবনে শিক্ষার্থীদের পাঠদান

প্রতিনিধি, সুন্দরগঞ্জ (গাইবান্ধা)

গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় কালিয়ারছিড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ ভবনে জীবনের ঝুঁকি নিয়ে চলেছে পাঠদান। জানা গেছে, ১৯৭২ সালে কালিয়ারছিড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হলে এমজিইডির তত্ত্বাবধানে ১৯৯৪ সালে ৪ লাখ ২০ হাজার টাকা ব্যয়ে তিন কক্ষ বিশিষ্ট বিদ্যালয় ভবনটি নির্মিত হয়। ভবনটি নির্মাণের সময় সঠিক তদারকির অভাবে সিডিউল মোতাবেক কাজ না হওয়ায় কয়েক বছরের মধ্যেই তা ব্যবহার অনুপযোগী হয়ে পড়ে। সংস্কারের অভাবে ঝুঁকিপূর্ণ ভবনটিতেই দীর্ঘদিন থেকে জীবনের ঝুঁকি নিয়ে কোমলমতি শিক্ষার্থীরা লেখাপড়া করে আসছে। এ বিষয়ে প্রধান শিক্ষক গোলজার হোসেন জানান, অনেক আবেদন নিবেদন করার পড়েও সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের সুনজর না থাকায় ২ শতাধিক শিক্ষার্থী ও ৪ জন শিক্ষক জীবনের ঝুঁকি নিয়ে ওই ভবনটিতেই পাঠদান অব্যাহত রেখেছি। এছাড়া, বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি স্বপন কুমার জানান, দীর্ঘদিন থেকে শ্রেণিকক্ষ স্বল্পতার মধ্যেও জানালা-দরজা ও ফোন প্রকার আসবাবপত্র বিহীন জরাজীর্ণ ভবনের মেঝেতে বসে শিক্ষক-শিক্ষার্থীরা পাঠদান করে আসছে। ঝড়-বৃষ্টির লক্ষণ দেখা দিতে না দিতেই শিক্ষার্থীদের ছুটির ঘণ্টা বেজে উঠে। এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার আনোয়ারুল হকের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে ফোনে পাওয়া যায়নি। উপজেলা প্রকৌশলী আবু জাফর মো. সাঈদ জানান, বিদ্যালয়টির নতুন ভবন নির্মাণের জন্য বরাদ্দ পেলে বিষয়টি খতিয়ে দেখা হবে।